শ্রীশ্রীগৌরশতকম্ ।

শ্রীশ্রীগৌরশতকম্ ।

ভাগবতাচার্য্য—

শ্রীযুক্ত নীলকান্ত গোস্বামি

মহাপ্রভুপাদেন বিরচিতম্ ।

কলিকাতায়াং ৪৩।১ সংখ্যক মাণিকতলা বর্ত্মনি

শীলোপাধিকেন

শ্রীশৌরীন্দ্রমোহন দাসেন

পিতৃস্মৃত্যর্থং

যত্নতঃ প্রকাশিতম্ ।

মূল্য /০ আনা ॥

কলিকা[illegible] [illegible] [illegible] ক ঈশ[illegible] মিত্র বর্ত্মনি
বিশ্বভাণ্ডারাখ্যযন্ত্রে
শ্রীরাজকুমার মজুমদারেণ
মুদ্রিতম্ ।

বিজ্ঞাপনম্ ।

সর্ব্বেষামেব দেবানাং বিদ্যন্তে স্তুতয়ঃ শুভাঃ ।
শাস্ত্রেষু লিখিতাঃ পূর্ব্বৈ মুনিভি স্তত্ত্বদর্শিভিঃ ॥

পঠন্তি সাধকাঃ সর্ব্বে স্বাভীষ্টাস্তাসু কাশ্চন ।
নিত্যকর্ম্মান্তরে নিত্যমাত্মচিত্তবিশুদ্ধয়ে ॥

শ্রীগৌরাঙ্গঃ স্বয়ং কৃষ্ণঃ সর্ব্ববৈষ্ণবসম্মতঃ ।
ন বিদ্যতে তস্য কিন্তু প্রসিদ্ধা কাচন স্তুতিঃ ॥

ভগবদ্‌গৌরভক্তানাং বৈষ্ণবানাং মহানয়ম্ ।
অভাবো দৃশ্যতে তস্মা ত্তৎপ্রকাশে মমোদ্যমঃ ॥

নীচেনাপি কৃতাসেয়ং পাপঘ্নী ভবিতা ধ্রুবম্ ।
জনিতো যবনেনাপি বহ্নিঃ স্বর্ণ-মলং হরেৎ ॥

গোস্বামি—
শ্রীনীলকান্ত শর্ম্মা ।

শ্রীশ্রীগৌরশতকম্ ।

১

অন্তঃ কৃষ্ণো বহির্গৌরো গৌরশ্চ বর্ণনামতঃ ।
অঙ্গীকৃতমহাভাবঃ স গৌরঃ শরণং মম ॥

২

শচীকুক্ষিসুধাসিন্ধুসমুদ্ভূতসুধাকরঃ ।
কৃষ্ণপ্রেমসুধাবর্ষী স গৌরঃ শরণং মম ॥

৩

নবদ্বীপ-সিতদ্বীপে যেনাত্মা সুপ্রকাশিতঃ।
অপারকরুণাসিন্ধুঃ স গৌরঃ শরণং মম ॥

৪

যমাগতং হরের্নামাপ্যন্বাগচ্ছদঘোষয়ৎ।
জগন্মঙ্গলসংবাদং স গৌরঃ শরণং মম ॥

৫

স্বতঃ পূতং নবদ্বীপং চক্রে পূততরং পুনঃ।
যঃ পাবনঃ পবিত্রাণাং স গৌরঃ শরণং মম ॥

৬

যো বাল্যে বালচাপল্যং দর্শয়ন্নপ্যলৌকিকম্।
ঐশ্বর্য্যং প্রকটীচক্রে স গৌরঃ শরণং মম ॥

৭

দৌরাত্ম্যমপি যস্যাসীৎ প্রীতিদং পুরবাসিনাম্।
পিত্রোশ্চ সুতরামাসীৎ স গৌরঃ শরণং মম ॥

৮

লীলয়া ললনা যশ্চ গোপাল ইব গোকুলে।
অহর্হর্ষয়দ্ ভাষয়াচ স গৌরঃ শরণং মম ॥

৯

বালেনাপি চ্ছলেনৈব জনা যেন চমৎকৃতাঃ।
তত্ত্বজ্ঞান মুপাদিশ্য স গৌরঃ শরণং মম ॥

১০

যং বালমপি পশ্যন্তো মেনিরে পুরুষোত্তমম্।
নরেশ্বসঙ্গতৈর্ভাবৈঃ স গৌরঃ শরণং মম ॥

১১

যস্য পাদে মুখে হস্তে মহাপুরুষলক্ষণম্।
দৃষ্ট্বাসন্ বিস্মিতাঃ সর্ব্বে স গৌরঃ শরণং মম ॥

১২

অপূর্ব্বরূপমাপন্নো যৌবনে জনমোহনম্।
শুশুভে প্রভয়া যশ্চ স গৌরঃ শরণং মম ॥

১৩

যৌবনেঽপি গতি র্যস্য ধীরা সবিনয়ং বচঃ।
রূপং শান্তং স্বভাবঃ সন্ স গৌরঃ শরণং মম ॥

১৪

গুরুমাশ্রিত্য বিদ্যার্থী কালেনাল্পেন বিদ্যয়া।
গুরুং যশ্চাতিচক্রাম স গৌরঃ শরণং মম ॥

১৫

সর্ব্বাণি ধর্ম্মশাস্ত্রাণি হরিভক্তিপরাণি যঃ।
ধিয়া বিশুদ্ধয়া জানাৎ স গৌরঃ শরণং মম॥

১৬

ব্যাখ্যায় যঃ সুদুর্ব্বোধং বেদান্তং ভগবৎপরম্।
বুধান্ বিস্ময়য়ামাস স গৌরঃ শরণং মম

১৭

যো নিরাকারশব্দস্য প্রাকৃতাকারবর্জ্জনম্।
অর্থং সমর্থয়ামাস স গৌরঃ শরণং মম॥

১৮

যোঽপশ্যৎ সর্ব্বশাস্ত্রেষু হরিরেব প্রগীয়তে।
মুখ্যলক্ষ্যপ্রকারেণ স গৌরঃ শরণং মম॥

১৯

যঃ পীত্বা ভগবৎপ্রেম-সুধাং শাস্ত্রাব্ধিসম্ভবাম্ ।
মত্তোঽভূত্তৎপ্রভাবেণ স গৌরঃ শরণং মম ॥

২০

তদা প্রভৃতি যঃ কৃষ্ণ-কৃপালাভায় লোলুপঃ ।
অনুক্ষণং রুরোদান্তঃ স গৌরঃ শরণং মম ॥

২১

অন্তঃসঞ্চিতবাষ্পৌঘঃ ক্রমাদ্ যন্নেত্ররন্ধ্রতঃ ।
বহির্গলিতুমারেভে স গৌরঃ শরণং মম ॥

২২

অনিচ্ছয়া করোদ্ধ যশ্চ কর্ম্ম যদ্ ব্যাবহারিকম্ ।
মনঃ কৃষ্ণে সমাধায় স গৌরঃ শরণং মম ॥

২৩

সর্ব্বদান্যমনা যশ্চ কিং কর্ত্তু মকরোচ্চ কিম্ ।
শ্রীকৃষ্ণাকৃষ্টসর্ব্বাক্ষঃ স গৌরঃ শরণং মম ॥

২৪

জগজ্জনবিশুদ্ধ্যর্থ মন্তঃ সন্ন্যাসবানপি ।
সন্ন্যাস মগ্রহীদ্ যশ্চ স গৌরঃ শরণং মম ॥

২৫

সন্ন্যাসী যঃ স্বয়ং ভূত্বা সন্ন্যাসং সমশিক্ষয়ৎ ।
বিশুদ্ধং কৈতবাস্পৃষ্টং স গৌরঃ শরণং মম ॥

২৬

মুণ্ডিতশ্চীরবাসাশ্চ ধৃতদণ্ডকমণ্ডলুঃ ।
মূর্ত্তিমানিব সন্ন্যাসঃ স গৌরঃ শরণং মম ॥

২৭

তৃণবত্ত্যক্তসম্ভোগো বিচ্ছিন্নাখিলবন্ধনঃ ।
মূর্ত্তিমদিব বৈরাগ্যং স গৌরঃ শরণং মম ॥

২৮

নির্ম্মমো নিরহঙ্কার স্ত্যক্তসর্ব্বপরিগ্রহঃ ।
শ্রীকৃষ্ণপ্রেমসর্ব্বস্বঃ স গৌরঃ শরণং মম ॥

২৯

গলন্নেত্রজলো গায়ন্ কৃষ্ণলীলাকথাং মুহুঃ ।
প্রতিমা প্রেমরূপেব স গৌরঃ শরণং মম ॥

৩০

যদ্রূপদর্শনাদেব যন্নামশ্রবণাদপি ।
বৈরাগ্যং জায়তে সম্যক্ স গৌরঃ শরণং মম ॥

৩১

সঙ্কীর্ত্তনসুধাসারৈ র্নবদ্বীপ মথাপ্লুতভিঃ ।
স্ববক্ষোঽপ্লাবয়দ্ যশ্চ স গৌরঃ শরণং মম ॥

৩২

কৃষ্ণপ্রেমসুধামত্তঃ স্বয়ং যোঽমাদয়ৎ প্রভুঃ ।
সমস্তঞ্চ নবদ্বীপং স গৌরঃ শরণং মম ॥

৩৩

দ্বিজ-পাদ-রজোলিপ্ত স্তদ্ গৌরব মঘোষয়ৎ ।
যোদম্ভোদ্ধৃতল্লোকেঽস্মিন্ স গৌরঃ শরণং মম ॥

৩৪

জগদ্গুরুঃ স্বয়ং ভূত্বা যশ্চ সদ্গুরুমাশ্রিতঃ ।
লোকসংগ্রহসিদ্ধ্যর্থং স গৌরঃ শরণং মম ॥

৩৫

সংসারতাপসন্তপ্তে শান্তিমৎসরণৈষিণি ।
কৃষ্ণপ্রেমসুধাবর্ষী স গৌরঃ শরণং মম ॥

৩৬

ভবান্ধকূপমগ্নস্য ক্রন্দতশ্চ পুনঃ পুনঃ ।
যৎকৃপালম্বনং সম্যক্ স গৌরঃ শরণং মম ॥

৩৭

ভক্তিসম্পদ্‌বিহীনস্য দীনদীনস্য সীদতঃ ।
প্রেমরত্নপ্রদো নিত্যং স গৌরঃ শরণং মম ॥

৩৮

নরদেহমপি শ্রিত্বা নিমজ্জতো ভবার্ণবে ।
ভবকর্ণধরঃ শশ্বৎ স গৌরঃ শরণং মম ॥

৩৯

অযাচিতোঽপি যাচিত্বা প্রেমরত্নমকাতরম্ ।
দদৌ যশ্চাবিচারেণ স গৌরঃ শরণং মম ॥

৪০

যস্য কৃষ্ণময়াঃ প্রাণা যস্য কৃষ্ণময়ং মনঃ ।
যস্য কৃষ্ণময়ী বাণী স গৌরঃ শরণং মম ॥

৪১

গোপরামাঃ সমাকর্ষৎ কৃষ্ণো বংশীসহায়বান্ ।
বাচা বিশ্বসমাকর্ষী স গৌরঃ শরণং মম ॥

৪২

যৎকৃপাম্বধুনীস্নাতো যবনঃ পাবনোঽভবৎ ।
অপারকরুণাসিন্ধুঃ স গৌরঃ শরণং মম ॥

৪৩

হরিনামমহামন্ত্র-দীক্ষাদানজগদ্‌গুরুঃ ।
স্বভক্তিশক্তিসঞ্চারী স গৌরঃ শরণং মম ॥

৪৪

দুর্ল্লভং ভগবৎপ্রেম যৎপদানুসৃতিং বিনা ।
সাধনানাং শতেনাপি স গৌরঃ শরণং মম ॥

৪৫

চিরান্নষ্টচরীং কৃষ্ণ-ভক্তিভাগীরথীং ভুবি ।
আনীয়াপ্লাবয়দ্ যস্তাং স গৌরঃ শরণং মম ॥

৪৬

অন্তর্নিহিতকৃষ্ণোঽপি হা কৃষ্ণেতি রুরোদ যঃ
অশ্রুধারাভিষিক্তাঙ্গঃ স গৌরঃ শরণং মম ॥

৪৭

ক্বচিদ্ধূলিধূসরাঙ্গো ধ্যানস্তিমিতলোচনঃ।
নিস্পন্দঃ পতিতো ভূমৌ স গৌরঃ শরণং মম॥

৪৮

ক্বচিদ্ গায়ন্ ক্বচিন্নৃত্যন্ নৃত্যগীতরতঃ ক্বচিৎ।
ভক্তমণ্ডলমধ্যস্থঃ স গৌরঃ শরণং মম॥

৪৯

ক্বচিচ্ছান্তঃ ক্বচিদ্ ভ্রান্তঃ ক্বচিদুদ্‌ভ্রান্ত এবচ।
ভাবাদ্ ভাবান্তরং গচ্ছন্ স গৌরঃ শরণং মম॥

৫০

আত্মানং ভাবয়ন্ কৃষ্ণ মদৃষ্ট্বা রাধিকাং ক্বচিৎ।
রুদন্ হাহা রাধিকেতি স গৌরঃ শরণং মম॥

৫১

ক্বচিৎ স্বং ভাবয়ন্ রাধাং কৃষ্ণবিচ্ছেদবিহ্বলঃ।
হা কৃষ্ণেতিরুদন্নুচ্চৈঃ স গৌরঃ শরণং মম॥

৫২

অন্তর্দৃশা ভবৎ কৃষ্ণো রাধিকাচ বহির্দৃশা।
ভাবপর্য্যায়মাপন্নঃ স গৌরঃ শরণং মম॥

৫৩

চরন্নপি দ্বিজাচার মবিশেষেণ যো দদৌ।
হরিনামমহামন্ত্রং স গৌরঃ শরণং মম॥

৫৪

সংসারসর্পদষ্টান্ যঃ কৃপয়া সমজীবয়ৎ।
হরিনামামৃতং যচ্ছন্ স গৌরঃ শরণং মম॥

৫৫

কলৌ নষ্টদৃশাং যোঽসৌ জনানাং মূর্ত্তিমানিব।
সূর্য্যঃ সমুদিতো লোকে স গৌরঃ শরণং মম॥

৫৬

দূরাদ্দূরতরাদ্ ভক্তা যৎকৃপালাভলোভিতাঃ।
নবদ্বীপং সমাজগ্মুঃ স গৌরঃ শরণং মম॥

৫৭

জ্ঞানিনো যোগিনশ্চৈব কর্ম্মিণশ্চাত্মনাং পথঃ।
পরিত্যজ্য যমশ্রীয়ুঃ স গৌরঃ শরণং মম॥

৫৮

যৎকৃপয়া কদাচারৌ জগামাধাখ্যপাপিনৌ।
হরিভক্তবরৌ জাতৌ স গৌরঃ শরণং মম॥

৫৯

যবনাঅপি যৎপ্রেম দৃষ্ট্বানন্দপরিপ্লুতাঃ।
হরিনামপরা আসন্ স গৌরঃ শরণং মম॥

৬০

কৃপয়িত্বা নবদ্বীপং জগৎ প্রতি কৃপাপরঃ।
প্রবব্রাজ গৃহাদ্ যশ্চ স গৌরঃ শরণং মম॥

৬১

যোষা দোষাস্পদং জ্ঞাত্বা হিত্বা পত্নীং রমোপমাম্।
প্রাব্রজদ্ যো গৃহাত্তূর্ণং স গৌরঃ শরণং মম॥

৬২

দেশানপাবয়ৎ সর্ব্বাং স্তীর্থযাত্রাচ্ছলেন যঃ।
হরিনামসুধাসেকৈঃ স গৌরঃ শরণং মম॥

৬৩

নাঙ্গীচকার যোভিক্ষাং বৈষ্ণবব্রাহ্মণেতরাৎ।
মূর্ত্তিমতীব নিষ্ঠা যঃ স গৌরঃ শরণং মম॥

৬৪

ধৃতবৈরাগ্যবেশস্থ যোষিৎসঙ্গরতস্থ চ।
ন মুখং যো দদর্শাপি স গৌরঃ শরণং মম॥

৬৫

জ্ঞানেনালোকিতাং যশ্চ কাশীমভাসয়ৎ পুনঃ।
প্রেমালোকপ্রদানেন স গৌরঃ শরণং মম॥

৬৬

মায়াবাদপ্রসক্তানাং পাষাণনীরসাত্মনাম্।
দ্রবীকৃতং মনো যেন স গৌরঃ শরণং মম॥

৬৭

মায়াবাদমসদ্‌বাদং যো দূষয়ন্ন ঘোষয়ৎ।
পরিণামং হি তত্ত্বজ্ঞঃ স গৌরঃ শরণং মম॥

৬৮

জ্ঞানকর্ম্মতপোযোগান্ যো নিষিধ্য চ নীরসান্।
ভক্তিমুপাদিশৎ সম্যক্ স গৌরঃ শরণং মম॥

৬৯

গত্বা বৃন্দাবনং যশ্চ কৃষ্ণলীলাং মুহুঃ স্মরন্।
হা কৃষ্ণেতি রুরোদোচ্চৈঃ স গৌরঃ শরণং মম॥

৭০

হৃষ্টঃ পুলকিতাঙ্গশ্চ পুণ্যব্রজরজঃপ্লুতঃ।
ব্যলুঠদ্ বাষ্পপূর্ণাক্ষঃ স গৌরঃ শরণং মম॥

৭১

সর্ব্বথা নিরপেক্ষোঽপি জগন্নাথপুরেঽবসৎ ।
যো জনন্যা নিদেশেন স গৌরঃ শরণং মম ॥

৭২

কৃষ্ণপ্রেমসুধোন্মত্তো দৃষ্ট্বা যঃ পুরুষোত্তমম্ ।
উদ্যতোঽভূৎ পরিষক্তুং স গৌরঃ শরণং মম ॥

৭৩

সৎপ্রেমসাগরেমগ্নঃ সার্ব্বভৌমাখ্যভূধরঃ ।
দ্রবীভূতোঽভবৎ প্রেম্ণা স গৌরঃ শরণং মম ॥

৭৪

অধিকারানুরূপং যোঽশিক্ষয়ৎ ক্রমসাধনম্ ।
রামানন্দনিমিত্তেন স গৌরঃ শরণং মম ॥

৭৫

পাবয়ায়াস যঃ পশ্চাৎ সমগ্রাং দক্ষিণাং দিশম্।
হরিনামপ্রদানেন স গৌরঃ শরণং মম॥

৭৬

বহিঃসঙ্কীর্ত্তনং কুর্ব্বন্নন্তঃ প্রেমরসং পিবন্।
ন সস্মার জগদ্ যোহি স গৌরঃ শরণং মম॥

৭৭

স্বয়মানন্দমাস্বাদ্য স্বাদয়ামাস যোঽপরান্।
গুণজাত্যবিশেষেণ স গৌরঃ শরণং মম॥

৭৮

যঃ সর্ব্বং ভারতং কৃষ্ণপ্রেমামৃতৈ রপূরয়ৎ।
ক্বচিৎ স্বয়ং ক্বচিদ্ভক্তৈঃ স গৌরঃ শরণং মম॥

৭৯

পরার্থঃ সম্ভবো যস্য পরার্থং যস্য চেষ্টিতম্ ।
পরার্থং জীবনং যস্য স গৌরঃ শরণং মম ॥

৮০

রাধাকৃষ্ণস্বরূপং যঃ সাধ্যং সাধনমেবচ ।
রসস্বরূপমাচখ্যৌ স গৌরঃ শরণং মম ॥

৮১

অধিকারং সমালোচ্য ন্যষেধদ্ যঃ পুনঃ পুনঃ ।
ঘৃণ্যং মর্কটবৈরাগ্যং স গৌরঃ শরণং মম ॥

৮২

যঃ স্বয়ং প্রেমরূপোঽপি তদ্দীনং স্বমমন্যত ।
দীনতাং দর্শয়ন্ লোকে স গৌরঃ শরণং মম ॥

৮৩

শ্রীকৃষ্ণে প্রেম তন্নাম্নি রুচি স্তদ্রূপচিন্তনম্ ।
ভক্তান্ প্রত্যাদিশদ্ যশ্চ স গৌরঃ শরণং মম ॥

৮৪

কামিনীকাঞ্চনাসক্তিং জীবহিংসাঞ্চ নিষ্ঠুরাম্ ।
পুনঃ পুনর্ন্যষেধদ্ যঃ স গৌরঃ শরণং মম ॥

৮৫

মিত্রতা ভগবদ্ভক্তে কৃপাচ তদ্বহির্মুখে ।
বিহিতা প্রভুণা যেন স গৌরঃ শরণং মম ॥

৮৬

যদ্রাজসং তামসঞ্চ ত্যক্তব্যং নিন্দয়া বিনা ।
মহান্ যস্যোপদেশোঽয়ং স গৌরঃ শরণং মম ॥

৮৭

যজ্জন্মনা ভবদ্ধন্যা বঙ্গভূমি রিয়ং ভৃশম্।
ধন্যঞ্চ ভারতং বর্ষং স গৌরঃ শরণং মম॥

৮৮

বহুনোক্তেন কিংবেয়ং ধরা ধন্যতরা ভবৎ।
যেন জাতেন সম্পূতা স গৌরঃ শরণং মম॥

৮৯

কলিঃ কলুষপূর্ণোঽপি সারবিদ্ভিঃ প্রশস্যতে।
যস্যাবির্ভাবতো নিত্যং স গৌরঃ শরণং মম॥

৯০

মৎসমো নাস্তি পাপাত্মা পাবনো নাস্তি তৎসমঃ।
মত্তোঽধমজনত্রাতা স গৌরঃ শরণং মম॥

৯১

নাস্তি মে ভগবদ্ভক্তির্ন জ্ঞানং নচ সাধনম্।
অসীমকরুণাসিন্ধুঃ স গৌরঃ শরণং মম॥

৯২

সংসারে সর্ব্ব এবৈতে বর্ত্তন্তে শত্রুবৎ সদা।
নিরুপাধিজগদ্বন্ধুঃ স গৌরঃ শরণং মম॥

৯৩

কিংকার্য্যং কিমকার্য্যংবা ন জানামি হিতাহিতম্।
সদ্গুরুঃ সর্ব্বজীবানাং স গৌরঃ শরণং মম॥

৯৪

সুশীতলজলভ্রান্ত্যা সমুপৈমি মরীচিকাম্।
সর্ব্বসন্তাপসংহন্তা স গৌরঃ শরণং মম॥

৯৫

অস্মিন্ ভবমহারণ্যে সম্ভ্রমামি নিরন্তরম্।
সন্মার্গদর্শকো বন্ধুঃ স গৌরঃ শরণং মম॥

৯৬

কৃতান্তকবলং স্মৃত্বা সদাহং ভয়বিহ্বলঃ।
প্রেমামৃতপ্রদো নিত্যং স গৌরঃ শরণং মম॥

৯৭

যৎপাদাশ্রয়মাত্রেণ শ্রীমৎকৃষ্ণপদাম্বুজে॥
প্রজায়তে পরা ভক্তিঃ স গৌরঃ শরণং মম॥

৯৮

যদ্দাসাশ্রয়ণেনাপি শ্রীকৃষ্ণাখ্যং পরাশ্রয়ম্।
অচিরাল্লভতে জীবঃ স গৌরঃ শরণং মম॥

৯৯

সবংশীবদনাদ্বৈতঃ সশ্রীবাসগদাধরঃ।
সনিত্যানন্দভক্তাগ্রঃ স গৌরঃ শরণং মম॥

১০০

যৎকৃপাপরিতৃপ্তানাং নীলকান্তশতান্যপি।
বৈষ্ণবানাং তৃণায়ন্তে স গৌরঃ শরণং মম॥

শ্রীশ্রীগৌরশতক।

(বঙ্গানুবাদ)

অন্তঃ কৃষ্ণ বহির্গৌর নামে রূপে যিনি গৌর
মহাভাব যেন মূর্ত্তিধর।
শরণ আমার সেই গৌরাঙ্গ সুন্দর ॥ ১ ॥

শচীর উদর সিন্ধু তাহাতে উদিত ইন্দু
কৃষ্ণ প্রেম সুধা বরিষয়।
সেই শ্রীগৌরাঙ্গ চাঁদ আমার আশ্রয় ॥ ২ ॥

শ্বেতদ্বীপ নদীয়ায় প্রকাশিলা আপনায়
করুণার অপার সাগর।
শরণ আমার সেই গৌর মনোহর ॥ ৩ ॥

আগমন হেরি যাঁর　　হরিনাম আগুসার
জানাইলা শুভ সমাচার।
সেই শ্রীগৌরাঙ্গ হরি শরণ আমার ॥ ৪ ॥

শুদ্ধ নদীয়া নগর　　করিলেন শুদ্ধতর
বিশুদ্ধের সুশোধনকারী।
শরণ আমার সেই গৌররূপধারী ॥ ৫ ॥

করিতে করিতে খেলা　　দেখাইলা শিশুবেলা
অমানুষ কত আচরণ।
সেই শ্রীগৌরাঙ্গ রূপ আমার শরণ ॥ ৬ ॥

যাঁর দুষ্ট আচরণে　　তুষ্ট পুরবাসী জনে
পিতা মাতা আনন্দিত অতি।
শরণ আমার সেই লীলার মূরতি ॥ ৭ ॥

মিষ্ট বাক্যে সুলীলায়　　তোষে পুরবনিতায়
ব্রজে কৃষ্ণ যথা গোপিকায়।
সেই শিশু-গোরাপদ আমার সহায় ॥ ৮ ॥

বাল্যে যেন যদৃচ্ছায় পরমার্থ বারতায়
কৈলা যিনি সবে চমৎকার।
সেই জ্ঞানরূপী গোরা শরণ আমার ॥ ৯ ॥

মানুষ পারে না যাহা শিশু হ'য়ে করে তাহা
হেরি যাঁরে সবে ভাবে হরি।
শরণ আমার সেই গোরাপদতরি ॥ ১০ ॥

মুখে হস্তে পদে লেখা মহাপুরুষের রেখা
হেরি যাঁর সকলে বিস্মিত।
সে গৌর চরণ মোর শরণ বিহিত ॥ ১১ ॥

যৌবনে জন-মোহন অপূর্ব্ব রূপ ধারণ
করি যিনি শোভেন সুন্দর।
শরণ আমার সেই গোরা সুধাকর ॥ ১২ ॥

যৌবনেও ধীর গতি বাক্য সুবিনীত অতি
শান্তরূপ সুশীলতা যাঁর।
শরণ কেবল সেই গৌরাঙ্গ আমার ॥ ১৩ ॥

বিদ্যা অভিলাষী হ'য়ে রহি গুরু পদাশ্রয়ে
গুরুকেও জ্ঞানে পরাভবে ।
সেই শ্রীগৌরাঙ্গ মোর শরণ এ ভবে ॥ ১৪ ॥

যত ধর্ম্মশাস্ত্রচয় সব হরি ভক্তিময়
বুদ্ধিবলে বুঝিলেন সার ।
শুদ্ধ-বুদ্ধি সেই গোরা সম্বল আমার ॥ ১৫ ॥

শুধু হরিভক্তি ধরি বেদান্তের ব্যাখ্যা ধরি
বিস্মিত করিলা সুধীগণে ।
শরণ নিলাম সেই চৈতন্য চরণে ॥ ১৬ ॥

প্রাকৃত আকার নাই নিরাকার অর্থ তাই
বিচারিয়া কৈলা সমর্থন ।
নদিয়া বিহারী সেই আমার শরণ ॥ ১৭ ॥

বুঝিলেন গুণধাম সর্ব্ব শাস্ত্রে হরিনাম
মুখ্য লক্ষ্য রূপে সদা গায় ।
শরণ আমার সেই শ্রীগৌরাঙ্গ রায় ॥ ১৮ ॥

মথি শাস্ত্র পারাবার কৃষ্ণ প্রেম সুধাসার
পিয়া মত্ত হইলা তাহায়।
শরণ লইনু সেই প্রেমের গোরায় ॥ ১৯ ॥

তদবধি রসভরে কৃষ্ণ কৃপা লাভ তরে
মনে মনে করিলা রোদন।
শরণ আমার সেই সুবর্ণ বরণ ॥ ২০ ॥

অন্তরে সঞ্চিত জল উথলিয়া অনর্গল
নেত্র দিয়া বাহিরিল যাঁর।
শরণ আমার সেই গোরা গুণাধার ॥ ২১ ॥

কৃষ্ণ পদে রাখি মন সংসারের আচরণ
অনিচ্ছায় করিলা সকল।
আমার সহায় সেই গৌরাঙ্গ কেবল ॥ ২২ ॥

সকল ইন্দ্রিয়গণ কৃষ্ণপদে নিমগন
অন্য মনে একে করে আর।
শরণ আমার সেই গৌর দয়াসার ॥ ২৩ ॥

অন্তর বৈরাগ্যময় তথাপি সন্ন্যাস লয়
জগজনে শোধিতে কেবল।
সেই গোরা পদ মোর এ ভবে সম্বল ॥ ২৪ ॥

বিশুদ্ধ সন্ন্যাস যাহা লোকে শিখাইতে তাহা
সাজিলেন সন্ন্যাসী আপনি।
শরণ সে মোর গোরা ন্যাসিশিরোমণি ॥ ২৫ ॥

মুণ্ডনে করঙ্কে দণ্ডে কৌপীন বসন খণ্ডে
মূর্ত্তিমান্ সন্ন্যাসের সম।
এ ভবে আশ্রয় সেই নব যতি মম ॥ ২৬ ॥

ভোগে তৃণ জ্ঞান করি মায়া বন্ধ পরিহরি
বৈরাগ্যের বিগ্রহ যেমন।
সে বিরাগী গোরা মোর কেবল শরণ ॥ ২৭ ॥

অহং মম নাহি যাঁর শুধু কৃষ্ণ প্রেম সার
কোন বস্তু না করে স্বীকার।
সেই নিরলিপ্ত গোরা শরণ আমার ॥ ২৮ ॥

নেত্র জলে ভেসে যায় সদা কৃষ্ণ গুণ গায়
প্রেমের প্রতিমা যেন হায়।
ভাবে ভোরা সেই গোরা আমার সহায় ॥ ২৯ ॥

যাঁর রূপ দরশনে মধুর নাম শ্রবণে
জীবের বৈরাগ্য জনময়।
বৈরাগ্যের গুরু গোরা আমার সহায় ॥ ৩০ ॥

ন'দে কীর্ত্তন সুধায় হৃদয় অশ্রু ধারায়
ভেসে যায় যাঁর অবিরত।
সেই প্রেমময় মোর শরণ সতত ॥ ৩১ ॥

কৃষ্ণ প্রেম সুধা পিয়া যিনি আপনি মাতিয়া
মাতাইলা সব নদিয়ায়।
শরণ আমার সেই মত্ত গোরা রায় ॥ ৩২ ॥

দ্বিজ পদ রজ মাখি যিনি বিপ্র মান রাখি
শিখাইলা দাম্ভিক মানবে।
সে আনন্দ গোরা মোর শরণ এ ভবে ॥ ৩৩ ॥

জগতের গুরু যিনি লোক শিখাইতে তিনি
করিলেন গুরু পদাশ্রয়।
শরণ আমার সেই গোরা সদাশয়॥ ৩৪ ॥

ভব তাপে হয়ে তাপী শান্তি চায় যেই পাপী
তারে যিনি দেন প্রেমামৃত।
সে দয়াল গোরা পদে আমি সদাশ্রিত ॥ ৩৫ ॥

ভব কূপে নিমগন কাঁদে যেই অনুক্ষণ
যাঁর কৃপা তার আলম্বন।
সেই দয়াময় গোরা আমার শরণ ॥ ৩৬ ॥

ভক্তি ধন যার নাই কাতরে কাঁদে সদাই
প্রেম রত্ন যিনি দেন তারে।
শরণ লইনু সেই কৃপা অবতারে ॥ ৩৭ ॥

পাইয়া মানব দেহ ভবার্ণবে ডোবে যেহ
তার যিনি হন কর্ণধার।
শরণ সে গোরা মোর দয়ার আধার ॥ ৩৮ ॥

না যাচিলে যেচে নরে প্রেম দেন অকাতরে
যারে তারে যেই দয়াময়।
সেই জগবন্ধু গোরা আমার আশ্রয় ॥ ৩৯ ॥

কৃষ্ণ যাঁর প্রাণধন কৃষ্ণময় যাঁর মন
কৃষ্ণময় যাঁহার বচন।
কৃষ্ণ-সার সেই গোরা আমার শরণ ॥ ৪০ ॥

বংশীর সহায়ে কৃষ্ণ করিলা গোপী আকৃষ্ট
বাক্যে আকর্ষিলা যিনি সবে।
সেই সুধাভাষী গোরা শরণ এ ভবে ॥ ৪১ ॥

যাঁর কৃপা গঙ্গাস্নানে যবন পাবন মানে
করুণার সীমা নাই যাঁর।
পতিত পাবন গোরা শরণ আমার ॥ ৪২ ॥

নিজ শক্তি সঞ্চারিয়া হরিনাম মন্ত্র দিয়া
গুরু রূপে তারিলা সংসার।
সে ভবতারণ গোরা শরণ আমার ॥ ৪৩ ॥

সর্ব্ব ধর্ম্ম যদি রয় বিনা যাঁর পদাশ্রয়
কৃষ্ণ প্রেম কেহ নাহি পায়।
শরণ লইনু সেই প্রেমের গোরায় ॥ ৪৪ ॥

বহু কাল লুপ্ত গতি ছিল ভক্তিভাগীরথী
পুন যিনি আনিলা ধরায়।
সেই গোরা-ভগীরথ আমার সহায় ॥ ৪৫ ॥

অন্তর শ্রীকৃষ্ণময় তবু অশ্রু ধারা বয়
হা কৃষ্ণ বলিয়া সদা কাঁদে।
শরণ লইনু কৃষ্ণসার গোরাচাঁদে ॥ ৪৬ ॥

কখন বা অচেতন মুদিত দুটী নয়ন
ভূমে পড়ি ধূলায় ধূসর।
ভরসা সে গোরা মোর প্রেমের সাগর ॥ ৪৭ ॥

কভু নাচে কভু গায় নাচে গায় কভু হায়
দাঁড়াইয়া ভক্তগণ মাঝে।
শরণ লইনু সেই প্রেম রসরাজে ॥ ৪৮ ॥

কভু শান্ত কভু ভ্রান্ত　　উদ্‌ভ্রান্ত কভু নিতান্ত
ভাব হ'তে ভাবান্তর পায়।
প্রেমের সাগর গোরা আমার সহায় ॥ ৪৯ ॥

কৃষ্ণ ভাবে মত্ত কভু　　না হেরি রাধায় প্রভু
হা রাধা বলিয়া কাঁদে কত।
কৃষ্ণময় গোরা মোর শরণ সতত ॥ ৫০ ॥

রাধা ভাবি আপনায়　　কভু কৃষ্ণ বিনা হায়
হা কৃষ্ণ বলিয়া কাঁদে ডাকি।
সেই রাধাময় গোরা মোর প্রাণপাখী ॥ ৫১ ॥

কৃষ্ণ ভাবে মাখা মন　　বাহিরে রাধা যেমন
দুই ভাব ক্রমে যাঁর হয়।
ভাবের মূরতি গোরা আমার আশ্রয় ॥ ৫২ ॥

সদা দ্বিজাচারে রত　　নাম দানে অবিরত
আচণ্ডালে দিলা হরিনাম।
শরণ সে গোরা মোর সর্ব্বজীব ধাম ॥ ৫৩ ॥

সংসার সর্প দংশনে অচেতন জীবগণে
চিয়াইলা নামামৃত দানে।
শরণ লইনু গোরা ভিষক্-প্রধানে ॥ ৫৪ ॥

কলি মোহে অন্ধ লোক দেখি দিলা প্রেমালোক
উদি যেন রবি মূর্ত্তিমান্।
শরণ আমার সেই গোরা দয়াবান্ ॥ ৫৫ ॥

যাঁর কৃপা অভিলাষে সুদূর হইতে আসে
নবদ্বীপে যত ভক্তগণ।
সেই কৃপাময় গোরা আমার শরণ ॥ ৫৬ ॥

জ্ঞানী যোগী কর্ম্মী যত সবে নিজ নিজ পথ
ছাড়ি যাঁর অনুগত হয়।
ভরসা আমার সেই গোরা ধরাশ্রয় ॥ ৫৭ ॥

জগা মাধা দুরাচার কৃপা বিন্দু পেযে যাঁর
হয় হরিভক্তের প্রধান।
সাহস আমার সেই গোরা কৃপাবান্ ॥ ৫৮ ॥

শুদ্ধ ভক্তি হেরি যাঁর ম্লেচ্ছ ছাড়ি কদাচার
আনন্দে লইল হরিনাম।
সম্বল আমার সেই গোরা গুণধাম ॥ ৫৯ ॥

নবদ্বীপে কৃপা করি নিজ গৃহ পরিহরি
জগতে তারিতে যিনি যান।
সেই গোরা জগবন্ধু আমার পরাণ ॥ ৬০ ॥

রমা সম বনিতায় ত্যজি গৃহ হ'তে যায়
জানি নারী দোষের নিদান।
সে সংযমী গোরা মোর পরাণ সমান ॥ ৬১ ॥

তীর্থযাত্রা ছল করি দেশে বিদেশে বিচরি
নামামৃতে শোধিলা সকল।
আমার শরণ সেই গোরা নিরমল ॥ ৬২ ॥

বিনা ভক্ত-বিপ্রালয় কভু ভিক্ষা নাহি লয়
যেন শুদ্ধ নিষ্ঠার মূরতি।
আমার শরণ সেই গোরা মহামতি ॥ ৬৩ ॥

যে বৈরাগ্য বেশ ধরে কিন্তু নারী সঙ্গ করে
কদাপি না মুখ দেখে তার ।
গুরুশিরোমণি সেই গোরা মোর সার ॥ ৬৪ ॥

জ্ঞানালোকে আলোকিত কাশীধাম বিভাসিত
প্রেমালোকে করিলা আবার ।
আলোর আলোক গোরা শরণ আমার ॥ ৬৫ ॥

মায়াবাদী ছিল যত হৃদয় পাষাণ মত
প্রেমে গলাইলা যিনি সবে ।
সর্ব্বজয়ী গোরা মোর শরণ এ ভবে ॥ ৬৬ ॥

মায়াবাদে দোষ দিয়া পরিণাম প্রচারিয়া
সত্য তত্ত্ব শিখাইলা নরে ।
শরণ লইনু গোরা তত্ত্ব নিধিবরে ॥ ৬৭ ॥

তপ যোগ জ্ঞান কর্ম্ম নিষেধি নীরস ধর্ম্ম
শিখাইলা মধুর ভকতি ।
ভরসা আমার সেই গোরা ভক্ত যতি ॥ ৬৮ ॥

যিনি বৃন্দাবনে গিয়া কৃষ্ণলীলা সমরিয়া
কাঁদিলেন হাহা কৃষ্ণ রবে।
শরণ নিলাম সেই গোরা প্রেমার্ণবে ॥ ৬৯ ॥

হ'য়ে হর্ষে পুলকিত ব্রজ ধূলি ধূসরিত
কাঁদি ভূমে গড়াগড়ি যায়।
শরণ নিলাম সেই প্রেমের গোরায় ॥ ৭০ ॥

কাহারো অপেক্ষা নাই তবু মাতৃ আজ্ঞা পাই
পুরীতে রহিলা নিরন্তর।
ভরসা সে গোরা মোর মাতৃভক্ত বর ॥ ৭১ ॥

প্রেমসুধা মত্ত মনে জগন্নাথ দরশনে
কৃষ্ণ ভাবি আলিঙ্গিতে ধায়।
শরণ লইনু প্রেম-বিভোর গোরায় ॥ ৭২ ॥

সার্ব্বভৌম মহীধর দ্রবিল সপরিকর
ডুবি যাঁর প্রেমের সাগরে।
শরণ লইনু সেই দিব্যশক্তি ধরে ॥ ৭৩ ॥

রামানন্দে হেতু করি শিখাইলা ধরা ভরি
পরে পরে উত্তম সাধন।
সত্য গুরু সেই গোরা আমার শরণ ॥ ৭৪ ॥

দিয়া নাম উপদেশ সকল দক্ষিণ দেশ
পবিত্র করিলা কৃপা করি।
সেই কৃপানিধি গোরা মোর ভবতরী ॥ ৭৫ ॥

বাহিরেতে সংকীর্ত্তন হৃদে রস আস্বাদন
করি যিনি ভুলিলা ভুবন।
ভরসা আমার গোরা হরিময় মন ॥ ৭৬ ॥

নিজে আস্বাদন করি জাতিগুণ নাহি ধরি
দিলা নাম সকল ধরায়।
সে ভক্তিবারিধি গোরা আমার সহায় ॥ ৭৭ ॥

কভু ভক্ত পাঠাইয়া কভু বা আপনি গিয়া
প্রেমামৃতে ভরিলা ভুবন।
সেই দয়াময় গোরা আমার শরণ ॥ ৭৮ ॥

পরের নিমিত্ত জন্ম পরের নিমিত্ত কর্ম্ম
পরের নিমিত্ত প্রাণ যাঁর।
সেই সে উদার গোরা শরণ আমার ॥ ৭৯ ॥

রাধা কৃষ্ণ প্রেম সার তত্ত্ব সাধ্য সাধনার
শিক্ষা দিলা রসের স্বরূপ।
শরণ সে গোরা মোর সর্ব্বতত্ত্বরূপ ॥ ৮০ ॥

অকালে বৈরাগ্য যাহা কপট ঘৃণিত তাহা
নিষেধিলা যিনি বার বার।
সত্যগুরু সেই গোরা শরণ আমার ॥ ৮১ ॥

দৈন্য শিখাবার তরে দীনহীন মনে করে
আপনারে, হ'য়ে প্রেমময়।
শরণ সে শিক্ষাগুরু গোরা সদাশয় ॥ ৮২ ॥

কৃষ্ণে ভক্তি নামে রুচি ধ্যান সদা শ্রীমূরতি
ভক্তে দিলা এই শিক্ষা সার।
শরণ সে সারদাতা গৌরাঙ্গ আমার ॥ ৮৩ ॥

কামিনী কাঞ্চন আর জীব হিংসা দুরাচার
ভক্তগণে করিলা বারণ।
সেই গোরা গুরু মোর একান্ত শরণ ॥ ৮৪ ॥

মিত্রতা ভক্তের সনে কৃপা ভক্তি হীন জনে
ইহা যাঁর বিশেষ বিধান।
শরণ আমার গোরা জ্ঞানের নিধান ॥ ৮৫ ॥

রাজস তামস যাহা অনিন্দায় ত্যজ্য তাহা
মহা উপদেশ এই যাঁর।
শরণ সে গোরা মোর শুদ্ধ সত্ত্বসার ॥ ৮৬ ॥

এই বঙ্গদেশ ধন্য যাঁর জনমের জন্য
ধন্য এই বিশাল ভারত।
শরণ আমার সেই গোরা ভাগবত ॥ ৮৭ ॥

অধিক কি বলি অন্য ধরণী হইল ধন্য
সুপবিত্র যাঁর আগমনে।
শরণ লইনু সেই ধন্য গোরা ধনে ॥ ৮৮ ॥

কলিকাল পাপময় বিজ্ঞে তবু প্রশংসয়
যাঁর আগমনের কারণ।
শরণ আমার গোরা অধম তারণ ॥ ৮৯ ॥

নাহি পাপী মম সম পাবন সে অনুপম
পাপী তাপী করে পরিত্রাণ।
পতিত পাবন সেই গোরা মোর প্রাণ ॥ ৯০ ॥

জ্ঞান ভক্তি বা সাধন না জানি আমি কখন
করুণার অপার সাগর।
শরণ আমার সেই গোরা নিরন্তর ॥ ৯১ ॥

এ সংসারে আছে যারা সকলে বিপক্ষ তারা
স্বার্থহীন বন্ধু যে সবার।
সেই শ্রীগৌরাঙ্গ মোর একমাত্র সার ॥ ৯২ ॥

কার্য্যাকার্য্য হিতাহিত জ্ঞানহীন মম চিত
যাঁর সম গুরু নাহি আর।
ভবঘোরে সেই গোরা ভরসা আমার ॥ ৯৩ ॥

মরীচিকা দরশনে ধেয়ে যাই জল মনে
শান্তিদাতা সর্ব্বতাপ হারী।
ভরসা আমার গোরা সর্ব্ব শুভকারী ॥ ৯৪ ॥

এই ভব মহা বনে ভ্রমি সদা ভ্রান্তমনে
সুপথ দেখান যিনি সবে।
শরণ নিলাম সেই গোরা এই ভবে ॥ ৯৫ ॥

কৃতান্ত কবল স্মরি সদা আমি ভয়ে মরি
দাতা যিনি প্রেমামৃত দানে।
শরণ নিলাম সেই প্রেমের নিধানে ॥ ৯৬ ॥

যাঁহার আশ্রিত হ'লে শ্রীকৃষ্ণপদ-কমলে
পরাভক্তি জনমে তখনি।
শরণ আমার গোরা ভকতির খনি ॥ ৯৭ ॥

হ'লে যাঁর দাস-দাস অচিরে পূরয়ে আশ
লভে জীব কৃষ্ণ পদাশ্রয়।
শরণ আমার সেই গোরা দয়াময় ॥ ৯৮ ॥

অতি প্রিয়তম তাঁর শ্রীবংশী অদ্বৈত আর
শ্রীবাস নিতাই গদাধর।
সে সবার সহ গোরা শরণ আমার ॥ ৯৯ ॥

পেয়ে যাঁর কৃপাকণ তৃপ্ত যত ভক্তগণ
তৃণ গণে শত নীলকান্তে।
সেই গোরা নিধি মোর শরণ একান্তে ॥ ১০০ ॥

সম্পূর্ণ।